ভোরের কাগজ

তারিখ ... ... ... MAR. 07 2000
পৃষ্ঠা ... কলাম ...

15

# চ.বি. উপাচার্যকে জোর করে পদত্যাগ করানোর হুমকি

## বৃহত্তর চট্টগ্রামে ২ এপ্রিল হরতাল আহ্বান

চ.বি. সংবাদদাতা : ঢাকসুর সাবেক ভিপি আমান উল্লাহ আমান গতকাল সোমবার নগরীর লালদীঘি ময়দানে সর্বদলীয় ছাত্রঐক্যের সমাবেশে বলেছেন, 'চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর আবদুল মান্নান পদত্যাগ না করলে তাকে জোর করে পদত্যাগ করানো হবে।' শিবির ও ছাত্রদল নিয়ন্ত্রিত সর্বদলীয় ছাত্রঐক্যের এই সমাবেশ থেকে আগামী ২ এপ্রিল বৃহত্তর চট্টগ্রামে সকাল-সন্ধ্যা হরতাল কর্মসূচি ঘোষণা করা হয়েছে।

ছাত্রদলের মহানগরী সভাপতি নাজিমুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে আগামী ২২ দিনের কর্মসূচি ঘোষণা করা হয়েছে। কর্মসূচির মধ্যে রয়েছে ১১ মার্চ সর্বদলীয় সংগ্রাম পরিষদের কর্মসূচির সঙ্গে একাত্মতা প্রকাশ, ১৩ মার্চ পুলিশ কমিশনারের কার্যালয় ঘেরাও ও স্মারকলিপি প্রদান, ২০ থেকে ২৫ মার্চ গণসংযোগ, ২৭ মার্চ প্রেসক্লাবের সামনে গণঅনশন, ২৮ মার্চ জেলা প্রশাসককে স্মারকলিপি প্রদান, ২৯ থেকে ৩১ মার্চ বিক্ষোভ মিছিল এবং ২ এপ্রিল বৃহত্তর চট্টগ্রামে সকাল-সন্ধ্যা হরতাল।

সমাবেশে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন বিএনপি নেতা মীর মোঃ নাছিরউদ্দিন। সাংসদ নাজিমউদ্দিন আলম, সাবেক চাকসু ভিপি জসিমউদ্দিন সরকার, শিবির নেতা মুজিবুর রহমান মঞ্জু এবং ছাত্রদল, ছাত্রসমাজ ও ছাত্র মজলিস নেতৃবৃন্দ।

অনির্দিষ্টকাল ধরে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বন্ধ থাকায় শিক্ষার্থীদের অনিশ্চিত ভবিষ্যৎ বিষয়ে করণীয় নির্ধারণের জন্য আগামী ৯ মার্চ বৃহস্পতিবার সন্ধ্যা ৬টায় নগরীর হলিফ্যামিলি টিউটোরিয়ালে এক সভা আহ্বান করা হয়েছে। সভা আহ্বানকারীদের মধ্যে রয়েছেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের দুজন শিক্ষক অধ্যাপক আবুল মনসুর ও অধ্যাপক হাসান-উজ-জামান চৌধুরী, মুক্তিযোদ্ধা ফারুক-ই-আজম বীরপ্রতীক, সাংবাদিক মুহম্মদ ইদ্রিস এবং আইনজীবী রানা দাশগুপ্ত।

জানা গেছে, সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে ঘিরে অব্যাহত সন্ত্রাস ও সাম্প্রদায়িকতার ফলে সৃষ্ট সংকটের পরিপ্রেক্ষিতে বরেণ্য লেখক হুমায়ুন আহমেদের অনশন ধর্মঘটের সঙ্গে সংহতি প্রকাশ এবং রাজনীতিতে আদর্শহীনতা ও নৈতিকতাহীনতার ফলে সৃষ্ট পরিস্থিতি নিয়েও এতে আলোচনা হবে।